



নির্বাচন কমিশন  
বাংলাদেশ  
নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা

অসীম জরুরী  
নির্বাচন অগ্রাধিকার

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩(অংশ-১)-৪৭৮

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

ফ্যাক্স : ৯১৮০৭৮২  
ই-মেইল : mihir\_sm@yahoo.com  
ওয়েব সাইট : www.ecs.gov.bd  
ফোন : ৯১৮০৬৫৩ (অফিস)  
প্রেরক : মিহির সারওয়ার মোর্শেদ  
উপ-সচিব  
নির্বাচন পরিচালনা-১  
প্রাপক : ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও রিটার্নিং অফিসার  
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার  
৩। জেলা প্রশাসক, .....(সকল)  
ও  
রিটার্নিং অফিসার

বিশেষ পরিপত্র

বিষয় : দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রার্থীদের টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি ইত্যাদি সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধ

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১২ এর দফা (১) এর উপ-দফা (এন) অনুসারে দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারীগণ টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি অথবা অন্যান্য সরকারি সেবা প্রদানকারী সংস্থার বিল মনোনয়নপত্র দাখিলের অন্তত সাত দিন পূর্বে পরিশোধ করেছেন কিনা তা নিশ্চিত হতে হবে। এ প্রেক্ষাপটে মনোনয়নপত্র বাছাইকালে বিল পরিশোধ সম্পর্কিত বিষয় নিশ্চিত হওয়ার জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ

(ক) টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি অথবা অন্যান্য সরকারি সেবা প্রদানকারী সংস্থা হতে সর্বশেষ ৩ মাসের বিলসমূহ পরিশোধ হয়েছে কিনা তা উক্ত বিলসমূহ পরিশোধের কপি দেখে নিশ্চিত হতে হবে (অর্থাৎ অক্টোবর ২০১৩ প্রাপ্ত বিল)

(খ) উক্ত সময়ের পূর্বেকার বিল বকেয়া থাকলে সংশ্লিষ্ট সংস্থাকে এ মর্মে প্রমাণ করতে হবে যে, বকেয়া বিলের ব্যাপারে সংশ্লিষ্ট সেবা গ্রহীতাকে নোটিশ দেয়া হয়েছিল এবং সংশ্লিষ্ট সেবা গ্রহীতা সে নোটিশ গ্রহণ করার পরও পরিশোধের ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করেননি।

২। মনোনয়নপত্র বাছাইয়ের সময় যাতে টেলিফোন, গ্যাস, বিদ্যুৎ, পানি অথবা অন্যান্য সেবা প্রদানকারী সংস্থাসমূহের স্থানীয় দপ্তর হতে রিটার্নিং অফিসারের কার্যালয়ে প্রতিনিধি প্রেরণ করার জন্যও নির্দেশনা প্রদান করতে হবে। মনোনয়নপত্রসমূহ পরীক্ষার সময় তাদের প্রদত্ত তথ্য বিবেচনা করতে হবে।

৩ বর্ণিত অবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথভাবে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

  
২৮-১১-১০১৩

(মিহির সারওয়ার মোর্শেদ)

উপ-সচিব

নির্বাচন পরিচালনা-১

ফোনঃ ৯১৮০৬৫৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৫. সচিব (আপন/জন বিভাগ), রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ডিডিপি/কোস্টগার্ড, ঢাকা
৮. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব), ঢাকা
৯. মহাপরিচালক, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর
১২. উপ মহাপুলিশ পরিদর্শক, .....(সকল রেঞ্জ)
১৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, .....(সকল)
১৪. যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৭. পুলিশ সুপার, .....(সকল)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সকল)
১৯. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
২০. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি লিঃ (সাবেক ডেসা)/ডেসকো/তিতাস গ্যাস/বাখরাবাদ গ্যাস/জালালাবাদ গ্যাস
২১. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক, .....
২২. উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সকল)
২৪. উপজেলা নির্বাহী অফিসার, .....(সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. ....(সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. জেলা কমান্ডেন্ট, আনসার ও ডিডিপি, .....(সকল)
২৭. জেলা তথ্য অফিসার, .....(সকল)
২৮. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. উপজেলা/থানা নির্বাচন অফিসার, .....(সকল)
৩০. অফিসার ইনচার্জ, .....(সকল থানা)
৩১. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

(মোঃ ফরহাদ হোসেন)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১

ফোনঃ ৯১৮০৭৮৪